# সম্পূর্ণ সরকারি খরচে কুমুদিনীতে কেয়ারগিভিং কোর্সে প্রশিক্ষণ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন **Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP)**-এর আওতায় সম্পূর্ণ সরকারি খরচে কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্টের পরিচালনায় নিম্নলিখিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহে **Caregiving Course** - এ প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে। এই প্রশিক্ষণের উদ্দেশ্য হচ্ছে দেশে সামাজিকভাবে অন্তর্ভুক্তিমূলক দক্ষতা ও উচ্চদক্ষতায় প্রবেশাধিকার প্রসারিত করা। এই উদ্দেশ্যে প্রয়োজনীয় যোগ্যতাসম্পন্ন বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে নিম্নোক্ত শর্তসাপেক্ষে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

## ভর্তি সংক্রান্ত সাধারণ শর্তাবলী

- শুধুমাত্র নারী শিক্ষার্থী আবেদন করতে পারবেন। ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা এস.এস.সি পাশ এবং বয়স ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে হতে হবে।
- প্রশিক্ষণের মেয়াদকাল ৩ মাস। প্রশিক্ষণ শেষে আকর্ষণীয় বেতনে কর্মসংস্থানে সহায়তা করা হবে।
- দরিদ্র, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, প্রতিবন্ধী এবং সুবিধাবঞ্চিত প্রশিক্ষণার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে।
- ইতিপূর্বে SEIP এবং SICIP প্রোগ্রামের অন্যকোন কোর্সে রেজিস্ট্রেশন করে থাকলে এই কোর্সে আবেদনের অযোগ্য হিসেবে বিবেচিত হবে।
- আবেদনপত্রের সাথে প্রার্থীর পূর্ণ জীবনবৃত্তান্ত, ০২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি পাঠাতে হবে। ২০ এর নিচে বয়সের ক্ষেত্রে অনলাইনে যাচাইযোগ্য ডিজিটাল জন্মসনদ চলবে।
- আবেদনপত্র নিম্নোক্ত প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহের ঠিকানায় ডাকযোগে অথবা **sicip.kwtbd@gmail.com** -এ ই-মেইলে পাঠাতে হবে।
- আবেদনের শেষ তারিখ **১৫ জুন ২০২৫**। প্রশিক্ষণার্থী বাছাই পরীক্ষার নির্দিষ্ট তারিখ ও ফলাফল নিম্নোক্ত প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ থেকে জানা যাবে।

## প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ

| ক্র. নং | প্রশিক্ষণ প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | যোগাযোগ |
|---|---|---|
| ০১ | **কুমুদিনী ট্রেড ট্রেনিং ইনস্টিটিউট, ঢাকা**<br>বাড়ী-১৩, রোড-০৪, ব্লক-এফ, সেক্টর-১ (আঞ্চলিক পাসপোর্ট অফিস, ঢাকা পূর্ব-এর বিপরীত পার্শ্বে), জহুরুল ইসলাম সিটি, আফতাবনগর, বাড্ডা, ঢাকা-১২১২। | ০১৬৭০-০৪০১২৬<br>০১৭৫১-২৪৪৯৯৯ |
| ০২ | **কুমুদিনী ট্রেড ট্রেনিং ইনস্টিটিউট, মির্জাপুর**<br>কুমুদিনী হাসপাতাল কমপ্লেক্স, মির্জাপুর, টাঙ্গাইল। | ০১৬৩৬-৭৩০৪৬৭<br>০১৭০৮-১৫৮৪৬৪ |
| ০৩ | **কুমুদিনী ট্রেড ট্রেনিং ইনস্টিটিউট, নারায়ণগঞ্জ**<br>৮৬, সিরাজউদ্দৌলা রোড, নারায়ণগঞ্জ-১৪০০। | ০১৬৩২-৫০৯৫২৮<br>০১৭৫৫-৬৪৯৮৩২ |

## প্রশিক্ষণার্থীদের সুযোগ-সুবিধা

- প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণকালীন বিনামূল্যে থাকা ও খাওয়ার সুব্যবস্থা রয়েছে।
- প্রশিক্ষণ শেষে উত্তীর্ণদের জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ (NSDA) সনদপত্র প্রদান করবে।
- প্রশিক্ষণকালে মাসিক ১,০০০/- (এক হাজার) টাকা হারে বৃত্তি প্রদান করা হবে।

**বি: দ্র: প্রশিক্ষণের আবেদন একটি চলমান প্রক্রিয়া। প্রতি ০৩ মাস অন্তর ভর্তি কার্যক্রম পরিচালিত হবে।**

****বিস্তারিত জানতে ভিজিট করুন** https://www.facebook.com/share/1Ek1royUdg/

**প্রধান সমন্বয়কারী**
SICIP- কুমুদিনী ওয়েলফেয়ার ট্রাস্ট অব বেঙ্গল (বিডি) লিঃ প্রোগ্রাম।